গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শের-ই-বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

অফিস আদেশ নম্বর – ৪৬.০২.০০০০.৩০১.১৮.০২৭.১৯-৮৬৮

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
০৯ জুন ২০২২ খ্রিস্টাব্দ

# অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এলজিইডি'র আওতায় সেতু নির্মাণের জন্য Scaffolding & formwork নির্মাণ একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ Temporary Work। উক্ত কাজ যথাযথভাবে না করার দরুন নানাবিধ সমস্যা দেখা দিচ্ছে বিশেষ করে Girder/Slab এর soffit level সঠিক রাখা সম্ভব হচ্ছে না, কোন ক্ষেত্রে অত্যধিক deflection/sag হলে Girder/Slab ভেঙ্গে ফেলা এমনকি ক্ষেত্র বিশেষে নির্মাণ কাজ চলাকালীন সময়ে Scaffolding collapse এর মতো দুর্ঘটনার সম্মুখিন হতে হচ্ছে।

এমতাবস্থায় সঠিক ভাবে Scaffolding & Formwork নির্মাণের জন্য নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

১। সংশ্লিষ্ট ঠিকাদার স্মারক নং-এলজিইডি/সিই/ডিঃইউঃ/ডি-৭৫/২০০৯/৫২৯, তারিখ: ২৫/০৭/২০১৩ ইং[a] অনুসরণ পূর্বক Scaffolding & Formwork Design সম্পন্ন করে Drawing এবং ইহার Design Calculation সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলীর দপ্তরে জমা দিবেন। উপজেলা প্রকৌশলী তা নিরীক্ষান্তে জেলার নির্বাহী প্রকৌশলীর দপ্তরে জমা দিবেন।

২। সেতুর Span/Length ৫০ মিটারের কম হলে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী Scaffolding & Formwork Design পরীক্ষা করে ইহার অনুমোদন দেবেন।

৩। সেতুর Span/Length ৫০ মিটারের বেশী হলে সংশ্লিষ্ট অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী Scaffolding & Formwork Design পরীক্ষা করে ইহার অনুমোদন দেবেন।

৪। অনুমোদনকৃত Scaffolding & Formwork Design মাঠ পর্যায়ে সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা, তা প্রতিনিয়ত সংশ্লিষ্ট সকল কারিগরি কর্মকর্তাকে মনিটরিং এবং রেকর্ড সংরক্ষণ করতে হবে।

উল্লেখিত সকল ক্ষেত্রেই Scaffolding & Formwork Design পরীক্ষা, অনুমোদন এবং বাস্তবায়ন পর্যায়ে প্রয়োজনে সংশ্লিষ্ট প্রকল্পের পরামর্শক এবং সেতু ডিজাইন শাখা, ডিজাইন ইউনিটের পরামর্শ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হলো।

এই আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ইহা অনতিবিলম্বে কার্যকর হবে।

৯.০৬.২০২২

( সেখ মোহাম্মদ মহসিন )
প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
ফোন: +৮৮০ ২ ৫৮১৫২৮০২
ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

৩। প্রকল্প পরিচালক (সকল), স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তর। সকল পরামর্শক প্রতিষ্ঠান/ ব্যক্তি পরামর্শককে উল্লেখিত নির্দেশনা অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৪। নির্বাহী প্রকৌশলী (সকল), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর।

৫। উপজেলা প্রকৌশলী, উপজেলা (সকল), জেলা (সকল)।

[a] https://oldweb. lged.gov.bd/UploadedDocument/UnitPublication/4/108/2013-07-25_PSC_Instruction.pdf